# জামায়াত বোরকা বানাচ্ছে বলে বিএনপি রাজনৈতিক নাটক করছে: জুবায়ের



ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীকে ঘিরে বোরকা তৈরির প্রসঙ্গ তুলে বিএনপি ইচ্ছাকৃতভাবে বিভ্রান্তি ছড়াচ্ছে বলে অভিযোগ করেছেন দলটির সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের।

রোববার (৮ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।

জুবায়ের দাবি করেন, জামায়াত নারীদের প্রতি সম্মান দেখায় এবং নারীদের একটি বড় অংশ দলটির বিষয়ে ইতিবাচক মনোভাব পোষণ করে। এই অবস্থানকে আড়াল করতে দলটির আমিরকে ঘিরে অভিযোগ উত্থাপন করা হয়েছে বলেও তিনি মন্তব্য করেন।

তিনি আরও বলেন, প্রশাসনের একটি অংশ পক্ষপাতদুষ্ট আচরণ করছে। দেশের উন্নয়ন ও স্থিতিশীলতার স্বার্থে ১১ দলীয় ঐক্য জোটের বিজয় প্রয়োজন বলেও মত দেন তিনি।

LENS ASIA